দৈনিক ইত্তেফাক

APR 0 2 2001

তারিখ ...

পৃষ্ঠা ... কলাম ...

# বেসরকারী শিক্ষক-কর্মচারীদের মার্চ মাসের বেতনের চেক হস্তান্তর

বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল, কলেজ ও মাদ্রাসা) এবং কারিগরি বে-সরকারী এসএসসি (ভোকেশনাল) ও এইচএসসির (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষক/ কর্মচারীদের মার্চ /২০০১ মাসের বেতন-ভাতার সরকারি অংশ বাবদ ১১৭,২৯,৫৮,২৫৫/৩২ (একশত সতের কোটি উনত্রিশ লাখ আটান্ন হাজার দুইশত পঞ্চান্ন টাকা বত্রিশ পয়সা) টাকার ২০ (বিশ)টি চেক গত ২৯ মার্চ ১৭৭৪/৪ বিশেষ স্মারকে অনুদান বন্টনকারী জনতা, অগ্রণী, রূপালী, সোনালী ব্যাংক কর্তৃপক্ষের কাছে হস্তান্তর হইয়াছে। আগামী ১৫ এপ্রিলের মধ্যে সংশ্লিষ্ট শাখা ব্যাংক হইতে শিক্ষক/কর্মচারীদের ব্যক্তিগত ব্যাংক একাউন্ট নম্বরের মাধ্যমে এই টাকা উত্তোলন করার জন্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে পরামর্শ দেওয়া হইয়াছে। ইহাছাড়া কোন সংগত কারণে যেসব শিক্ষা প্রতিষ্ঠান বা শিক্ষক/কর্মচারী চলতি অর্থ বছরের বকেয়া টাকা নির্ধারিত সময়ের মধ্যে উত্তোলন করিতে পারেন নাই তাহারাও ব্যক্তিগত ব্যাংক একাউন্টের মাধ্যমে উক্ত সময়ের টাকা একসঙ্গে উত্তোলন করিতে পারিবেন। -তথ্য বিবরণী